

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) বোর্ড
ময়মনসিংহ

স্মারক নং- ৩৮.০৪.০০০০.৪১৮.৯৯.০৭৮.২৫-২৯৪

তারিখঃ ০৩ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-বিটিপিটি) জানুয়ারি-অক্টোবর, ২০২৫ সেশনের অকৃতকার্য পরীক্ষার্থীদের জন্য নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-বিটিপিটি) জানুয়ারি-অক্টোবর, ২০২৫ -এর অকৃতকার্য পরীক্ষার্থীদের জন্য অনুসরণীয় নির্দেশাবলী নিম্নরূপ:


১। অকৃতকার্য পরীক্ষার্থীগণ চেয়ারম্যান, ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) বোর্ড-এর অনুকূলে জনতা ব্যাংক, ক্যান্টনমেন্ট শাখা, ময়মনসিংহ-এ প্রতি লিখিত পরীক্ষার জন্য ৫০০/- (পাঁচশত) টাকা হারে ডিমান্ড ড্রাফট (ডিডি) প্রদানপূর্বক সংশ্লিষ্ট পিটিআই সুপারিনটেনডেন্ট-এর মাধ্যমে আগামী ২১/০৪/২০২৬ খ্রি. তারিখের মধ্যে পুনঃনিরীক্ষার জন্য আবেদন করতে পারবেন। নির্ধারিত তারিখের পর কোনো আবেদন গ্রহণযোগ্য হবেনা।

২। যেসকল পরীক্ষার্থী পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-বিটিপিটি) প্রশিক্ষণে সামষ্টিক মূল্যায়নে কোনো পরীক্ষায় অংশগ্রহণ করেননি বিধায় অকৃতকার্য হয়েছেন, তাদের রেজিস্ট্রেশন বাতিল বলে গন্য হবে। তারা পরবর্তীতে নিজ খরচে প্রশিক্ষণ গ্রহণ করবেন এবং এক্ষেত্রে প্রশিক্ষণকালীন কোনো প্রকার ভাতা প্রাপ্য হবেন না।

৩। পরীক্ষায় অংশগ্রহণপূর্বক অকৃতকার্য পরীক্ষার্থীগণ তাদের সিলেবাস অনুযায়ী পৃথক প্রশ্নপত্রে জানুয়ারি-অক্টোবর, ২০২৬ সেশনের পরীক্ষার্থীগণের সাথে পরীক্ষায় অংশগ্রহণ করবেন। এক্ষেত্রে তাদের নতুন করে ফরম পূরণের কোনো প্রয়োজন নেই। ইতিমধ্যে তাদেরকে প্রদত্ত স্টুডেন্ট আইডি তারা ব্যবহার করবেন। সামষ্টিক পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ১৫দিন পূর্বে পরীক্ষার্থীগণ সংশ্লিষ্ট পিটিআই সুপারিনটেনডেন্টকে তাদের পরীক্ষায় অংশগ্রহণের বিষয়টি অবহিত করবেন।

৪। অকৃতকার্য পরীক্ষার্থীদের জন্য নেপ হতে কোনো চিঠি ইস্যু করা হবেনা। সংশ্লিষ্ট পিটিআই এবং নেপ-এর ওয়েবসাইট হতে প্রশিক্ষণার্থীগণ প্রয়োজনীয় তথ্য সম্পর্কে অবগত হবেন।

সংযুক্তি: অকৃতকার্য বিষয়সমূহের বিবরণী।


(এ কে এম মনিরুল হাসান)
উপপরিচালক (মূল্যায়ন)
ফোন নং : ০২৯৯৬৬৬৫৭৯৫

সুপারিনটেনডেন্ট (সকল)

..... পিটিআই।